

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৭৫

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَنْ أَبِي الْمَلِيحِ قَالَ: قَدِمَ عَلَى عَائِشَةَ نِسْوَةٌ مِنْ أَهْلِ حِمْصٍ فَقَالَتْ: مَنْ أَيْنَ أَنتنَ؟ قَلْنَ: مَن الشَّامِ فَلَعَلَّكُنَّ مِنَ الْكُورَةِ الَّتِي تَدْخُلُ نِسَاؤُهَا الْحَمَّامَاتِ؟ قُلْنَ: بَلَى قَالَتْ: فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا تَخْلَعُ امْرَأَةٌ ثِيَابَهَا فِي غَيْرِ بَيْتِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا تَخْلَعُ امْرَأَةٌ ثِيَابَهَا فِي غَيْرِ بَيْتِ وَوَايَةٍ: وَوَجِهَا إِلَّا هَتَكت السِّرْرَ بَيْنَهَا وَبَيْنَ رَبِّهَا» . وَفِي رِوَايَةٍ: «فِي غيرِ بيتِها إِلا هتكت سترهَا بَيْنَهَا وَبَيْنَ رَبِّهَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد

বাংলা

88৭৫-[৫৭] আবুল মালীহ (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার হিমস্ অধিবাসিনীর কয়েকজন মহিলা 'আয়িশাহ্ (রাঃ)-এর খিদমাতে উপস্থিত হলো। তিনি জিজ্ঞেস করলেন, তোমরা কোথা হতে এসেছ? তারা বলল, সিরিয়া হতে। তখন 'আয়িশাহ্ (রাঃ) বললেনঃ সম্ভবত তোমরা ঐ এলাকার অধিবাসিনী, যেখানকার মহিলারা গোসলখানায় প্রবেশ করে? তারা বলল, হ্যাঁ। তখন 'আয়িশাহ্ (রাঃ) বললেনঃ আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে নারী তার স্বামীর ঘর ব্যতীত অন্য কোথাও তার স্বীয় কাপড় খোলে, সে যেন তার ও তার প্রভুর মধ্যে পর্দা ছিঁড়ে ফেলে। অপর এক বর্ণনায় আছে, নিজ ঘর ব্যতীত অন্য কোথাও কাপড় খুললে সে যেন তার ও মহাপরাক্রমশালী আল্লাহর মধ্যকার পর্দা নষ্ট করে দিলো। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২৮০৩, আবূ দাউদ ৪০১০, ইবনু মাজাহ ৩৭৫০, সহীহুল জামি' ২৭১০, আল জামি'উস্ সগীর ৪৪৭৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৭০, দারিমী ২৬৫১, আহমাদ ২৪১৪০, আল মু'জামুল আওসাত্ব ৪৭৪৩, মুসতাদরাক লিল হাকিম ৭৭৮০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫২০০।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ (حِمْصِ) শব্দটির 'হা' হরফে যের এবং 'মীম' হরফে সাকিন দিয়ে উচ্চারিত। শাম তথা সিরিয়ার একটি শহরের নাম।

(الْكُورَةِ) 'কাফ' হরফে পেশ দিয়ে উচ্চারণ অর্থাৎ কূরা। কূরা সেখানকার একটি অঞ্চল বা এক প্রান্তের নাম, যে অঞ্চল বা প্রান্তের মেয়েরা পুরুষ মহিলা সম্মিলিত গোসলখানায় প্রবেশ করত। (মিরক্বাতুল মাফাতীহ; 'আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪০০৫)

(إِنَّا هَتَكَتِ السِّتْرَ بَيْنَهَا وَيَيْنَ رَبِّهَا) তবে সে তার ও তার রবের মধ্যকার পর্দা ছিঁড়ে দিয়েছে। অর্থাৎ যে মহিলা স্বামী ছাড়া অন্যের কাছে নিজের সতর খুলল সে লজ্জা ও শিষ্টাচারের পর্দাকে ভূলুষ্ঠিত করেছে, যার রক্ষার নির্দেশ দিয়েছিলেন তাকে তার রব্।

وَيُنْنَ اللهِ) তার ও আল্লাহর মধ্যকার পর্দা। আল্লাহ ও তার মধ্যকার পর্দা ভূলুষ্ঠিত হওয়ার কারণ হলো সে আল্লাহর পক্ষ থেকে পর্দা রক্ষা করতে নির্দেশিত। তার সতরকে স্বামী ছাড়া সকলের দৃষ্টি থেকে হিফাযাত করতে নির্দেশিত। 'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর কারণ হলো, আল্লাহ তা'আলা পোশাক অবতীর্ণ করেছেন, যা দিয়ে তারা তাদের লজ্জাস্থান ঢাকবে। এটা হলো তাকওয়া বা আল্লাহভীতির পোশাক। অতএব যখন তারা আল্লাহকে ভয় করলো না এবং তাদের লজ্জাস্থান খুলে দিল, তখন তারা আল্লাহ ও তাদের মধ্যকার পর্দাকেই ভূলুষ্ঠিত করলো। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪০০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু মালীহ্ আল হুযালী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন